সকল বোর্ড-২০১৬

সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট | সৃজনশীল প্রশ্ন | পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]

১.▶ সুমন আট সন্তানের জনক। পরিবারের সকল সদস্য নিয়ে একই ঘরে বাস করে। অর্থাভাবে সে তার সন্তানদের স্কুলে পাঠাতে পারছে না। পরিবারের কোনো সদস্য অসুস্থ হলে তাকে ডাক্তার দেখানো সম্ভব হয় না। এমনকি তার পরিবারে আনন্দ উৎসব করার মতো কোনো ব্যবস্থাও নেই।

ক. বাংলাদেশে মৌল-মানবিক চাহিদাগুলোর নাম লেখো। ১

খ. মৌল-মানবিক চাহিদার একটি তাৎপর্য ব্যাখ্যা করো। ২

গ. সুমনের পরিবারের অবস্থা মৌল-মানবিক চাহিদা পূরণের কোন অবস্থা নির্দেশ করে? নিরূপণ করো। ৩

ঘ. সুমনের মত পরিবারগুলো মৌল-মানবিক চাহিদা পূরণ করতে না পেরে কী ধরনের সমস্যার সৃষ্টি করে? বিশ্লেষণ করো। ৪

২.▶ মাহি নবম শ্রেণির ছাত্রী। অষ্টম শ্রেণির ফাইনাল পরীক্ষায় সে কৃতিত্বের সাথে উত্তীর্ণ হয়েছিল। কিন্তু নবম শ্রেণিতে তার পরীক্ষার ফলাফলে বিপর্যয় ঘটেছে। শিক্ষক বিষয়টি অনুধাবন করে মাহির বাবাকে বললে তিনি একটি সমাজসেবা এজেন্সির কর্মকর্তার শরণাপন্ন হন। কর্মকর্তা সমস্যাটি চিহ্নিত করে যথাযথ ব্যবস্থা গ্রহণে উদ্যোগী হন।

ক. চিকিৎসা সমাজকর্ম কী? ১

খ. প্রবীণকল্যাণ সমাজকর্ম বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে সমাজকর্মের কোন শাখার মাধ্যমে মাহির সমস্যার সমাধান করা হয়েছে? নিরূপণ করো। ৩

ঘ. উদ্দীপকে অনুশীলনকৃত সমাজকর্মের শাখাটির কার্যকারিতা বাংলাদেশের প্রেক্ষিতে মূল্যায়ন করো। ৪

Teachingbd.com

http://teachingbd.com

৩. ▶ কালাম কৃষিকাজ করে। সে আঠারো বছর বয়সে চৌদ্দ বছরের সেলিনাকে বিয়ে করে। বিয়ের দুই বছরের মধ্যে তাদের একটি কন্যা সন্তান হয়। এরপর একটি পুত্র সন্তানের প্রত্যাশায় পরপর পাঁচটি কন্যা সন্তান জন্ম দেন।

ক. অপুষ্টি কী? ১

খ. বাল্যবিবাহ বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে বাংলাদেশের প্রধান কোন সামাজিক সমস্যার কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে বর্ণিত সামাজিক সমস্যা দুটির পারস্পরিক সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

৪. ▶ পিয়ালের বয়স দশ বছর। সে কারও সঙ্গে কথা বলে না। তার সাথে কেউ কথা বললে শুধু মাথা নাড়ায়। তার বাবা-মা তাকে স্কুলে পাঠায় না। কারণ সে অযথা সবার গায়ে থুথু ছিটায়। তবে সে অনেক সুন্দর ছবি আঁকতে পারে।

ক. গ্রিন হাউজ ইফেক্ট কী? ১

খ. জলবায়ু পরিবর্তনের দুটি কারণ ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকে পিয়ালের সমস্যাটি কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. তুমি কি মনে কর, পিয়ালের বাবা-মা তাকে স্কুলে না পাঠিয়ে সঠিক সিদ্ধান্ত নিয়েছেন? যুক্তি দাও। ৪

৫. ▶ ইউসুফ ও উমা ভালো বন্ধু। পারিবারিক ও সামাজিক স্বীকৃতির মাধ্যমে উভয়ের মধ্যে সামাজিক বন্ধন স্থাপিত হয়। তাদের মধ্যকার এ সামাজিক বন্ধনই সাধারণত স্থায়ীভাবে সম্পর্ক প্রতিষ্ঠায় অগ্রণী ভূমিকা পালন করে।

ক. ধর্ম কী? ১

খ. গণমাধ্যম বলতে কী বোঝায়? ২

http://teachingbd.com

গ. উদ্দীপকে বর্ণিত বিষয়টি কোন সামাজিক প্রতিষ্ঠানকে ইঙ্গিত করে? ব্যাখ্যা করো। ৩

ঘ. সামাজিক প্রতিষ্ঠান হিসেবে উদ্দীপকে উল্লিখিত বিষয়টির ভূমিকা বিশ্লেষণ করো। ৪

৬.▶ শিশুদের অধিকার রক্ষায় বাংলাদেশ সরকার সচেষ্ট। এ উদ্দেশ্যে বাংলাদেশ সরকার ১৯৭৪ সালে একটি আইন প্রণয়ন করে যা শিশুদের লালন-পালন, রক্ষণাবেক্ষণ ও তাদের সাথে ব্যবহার এবং শিশু অপরাধীদের বিচার ও শাস্তি সম্পর্কিত বিষয়ের সাথে জড়িত।

ক. হিন্দু বিবাহ নিবন্ধন আইন করা হয় কত সালে? ১

খ. সামাজিক আইনের একটি উদ্দেশ্য বর্ণনা করো। ২

গ. উদ্দীপকে কোন আইন সম্পর্কে আলোকপাত করা হয়েছে? এর স্বরূপ ব্যাখ্যা করো। ৩

ঘ. 'এ আইন শিশুদের কল্যাণে গুরুত্বপূর্ণ দলিল'— উক্তিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৭.▶ তানিয়া তার বাবা-মায়ের সাথে শহরে বস্তি এলাকায় বসবাস করে। সেখানে পরিবেশ অত্যন্ত নোংরা, বিশুদ্ধ পানীয় জলের অভাব, অস্বাস্থ্যকর পরিবেশে নানারকম রোগবালাই লেগেই থাকে। অধিকাংশ দম্পতির অনেক সন্তান।

ক. বাংলাদেশে কবে জাতীয় মানবাধিকার কমিশনের কার্যক্রম শুরু হয়? ১

খ. দুর্যোগ ব্যবস্থাপনা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের তানিয়ার এলাকার জন্য সরকারের শহর সমাজসেবা কার্যক্রমের কোন কার্যক্রম প্রযোজ্য? নির্ণয় করো। ৩

ঘ. উদ্দীপকের কার্যক্রম ছাড়াও শহর সমাজসেবার আরও কার্যক্রম রয়েছে— কথাটি বিশ্লেষণ করো। ৪

http://teachingbd.com

৮.▶ বাংলাদেশের দক্ষিণাঞ্চলে 'আইলার' খবর শুনে ঢাকা থেকে গ্রামে গিয়ে সুমন দেখল একটি বেসরকারি সমাজসেবা প্রতিষ্ঠান দুর্গত লোকদের উদ্ধার করে চিকিৎসার ব্যবস্থা করছে, প্রয়োজনে রক্ত সরবরাহ করছে এবং জরুরি ভিত্তিতে অন্ন, বস্ত্র দিয়ে সাহায্য করছে। আশ্রয়হীনদের জন্য অস্থায়ী ও স্থায়ী গৃহ নির্মাণের ব্যবস্থা করছে।

ক. বাংলাদেশে ওয়ার্ল্ড ভিশন কার্যক্রম শুরু করে কখন? ১

খ. UNDP কেন গঠন করা হয়? ২

গ. উদ্দীপকে আইলা বিধ্বস্ত এলাকার মানুষের জন্য কোন বেসরকারি সমাজসেবা প্রতিষ্ঠান কাজ করছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. দুর্যোগ আক্রান্ত মানুষের কল্যাণে উক্ত সংস্থার ভূমিকা মূল্যায়ন করো। ৪

৯.▶ সামিন হাসান সমাজকর্মের সম্মান শ্রেণির ছাত্র। তাত্ত্বিক কোর্স শেষে সে ব্যবহারিক প্রশিক্ষণে অংশগ্রহণ করে। সমাজকর্মের অনুশীলনের জন্য তাকে পাঠানো হয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে। সেখানে সে তার অধীন মাদকাসক্ত রোগীদের যথাযথ মূল্য ও মর্যাদা দেয়। ফলে রোগীরা তার সেবার প্রতি বেশি আস্থাশীল হয়ে ওঠে। সে তার প্রতিষ্ঠানের সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে।

ক. বাংলাদেশে সমাজকর্ম শিক্ষা কত সালে যাত্রা শুরু করে? ১

খ. মাঠকর্ম বলতে কী বোঝায়? ২

গ. সামিন হাসানের কার্যক্রমে মাঠকর্মের কোন নীতিমালার প্রতিফলন দেখা যায়? নিরূপণ করো। ৩

ঘ. সঠিকভাবে মাঠকর্ম সম্পাদনের জন্য সামিন হাসানকে আরও কিছু নীতি অনুসরণ করতে হবে— উক্তিটি বিশ্লেষণ করো। ৪

Teachingbd.com

বহুনির্বাচনি অভীক্ষা
সমাজকর্ম দ্বিতীয় পত্র

সময় — ৪০ মিনিট　　পূর্ণমান — ৪০　　বিষয় কোড: | ২ | ৭ | ২ |

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

১. *'Common Human Needs'* গ্রন্থের লেখক কে?
ⓚ Robert L Barker　ⓚh Charlott Towle
ⓖ Jery and Jery　ⓖh R. M. MacIver

২. মৌল মানবিক চাহিদা মূলত কয় ধরনের?
ⓚ দুই　ⓚh চার　ⓖ পাঁচ　ⓖh ছয়

৩. ঘুম কোন ধরনের চাহিদা?
i. মৌল মানবিক চাহিদা
ii. মৌলিক চাহিদা　iii. মানবিক চাহিদা
নিচের কোনটি সঠিক?
ⓚ i　ⓚh ii　ⓖ iii　ⓖh i, ii ও iii

উদ্দীপকটি পড়ে ৪ নং প্রশ্নের উত্তর দাও:
রাঈদাকে বলা হয়, 'কার্টুন দেখে সময় নষ্ট করবে না।' জবাবে সে বলে, 'আমাকে গল্প শোনালে কার্টুন দেখা বন্ধ করে দেব।'

৪. উদ্দীপকে রাঈদার মৌল মানবিক চাহিদা কোনটি?
ⓚ খাদ্য　ⓚh বস্ত্র
ⓖ চিকিৎসা　ⓖh বিনোদন

৫. সমাজকর্মের বিশেষায়িত শাখা হচ্ছে—
i. চিকিৎসা সমাজকর্ম　ii. বিদ্যালয় সমাজকর্ম
iii. ব্যক্তি সমাজকর্ম
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh i ও iii　ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

৬. সামাজিক সমস্যার বৈশিষ্ট্য কোন দুটি?
ⓚ সমাজ থেকে সৃষ্ট এবং সমাধানযোগ্য নয়
ⓚh মূল্যবোধ পরিপন্থি এবং অপরিবর্তনশীল
ⓖ ক্ষতিকর প্রভাব বিস্তারকারী এবং পারস্পরিক সম্পর্কযুক্ত
ⓖh পরিমাপযোগ্য এবং স্বাভাবিক জীবনযাত্রা ব্যাহত করে না

উদ্দীপকটি পড়ে ৭ নং প্রশ্নের উত্তর দাও:



৭. উদ্দীপক চিত্রে কোন সামাজিক সমস্যাকে বোঝানো হয়েছে?
ⓚ বেকারত্ব　ⓚh জনসংখ্যা
ⓖ অসচেতনতা　ⓖh যোগাযোগ

৮. রহিম মিয়া তার মেয়েকে বিয়ে দিয়েছেন। বিয়ের সময় মেয়ের বয়স ১৬ থেকে বাড়িয়ে ১৮ বছর বলেছেন। এখন সমাজের সবাইকে বোঝাতে চাচ্ছেন তিনি একটি ভালো কাজ করেছেন।
উদ্দীপকে রহিম মিয়া কোন সামাজিক সমস্যাটি সৃষ্টি করেছেন?
ⓚ যৌতুক　ⓚh বাল্যবিবাহ
ⓖ মিথ্যা বলা　ⓖh দারিদ্র্য

৯. ইমরানের বয়স আট। কিন্তু সে বয়স উপযোগী আচরণ করতে পারে না, কোলাহল পছন্দ করে না, আবার দীর্ঘসময় একাও থাকতে পারে না। তাই তার মা-বাবা তাকে ঝাড়-ফুঁক ইত্যাদির মাধ্যমে চিকিৎসা করাচ্ছেন। ইমরানের সমস্যা কী?
ⓚ অপুষ্টি　ⓚh ক্লান্তি
ⓖ এইডস　ⓖh অটিজম

১০.



উদ্দীপক ছক দ্বারা প্রকাশ পেয়েছে—
ⓚ সমাজের গুরুত্ব　ⓚh সমাজের বৈশিষ্ট্য
ⓖ পরিবারের কার্যাবলি　ⓖh পরিবারের বৈশিষ্ট্য

উদ্দীপকটি পড়ে ১১ ও ১২ নং প্রশ্নের উত্তর দাও:

ক	খ
i. সমাজের অবাঞ্ছিত, অস্বস্তিকর মানুষের আচার-আচরণ নিয়ন্ত্রণের বাহক।	i. ব্যক্তি দল ও সমষ্টির বাঞ্ছিত জীবনমান অর্জনের সুসংগঠিত পদ্ধতি।
ii. পরিকল্পিত পরিবর্তনে সহায়ক।	ii. পরিকল্পিত পরিবর্তন ও সমাজ সংস্কারে সহায়ক।

১১. উদ্দীপকে 'ক' এর সাথে নিচের কোনটি সম্পর্কিত?
ⓚ আইনজীবী　ⓚh সমাজকর্মী
ⓖ পুলিশ　ⓖh সংবাদকর্মী

১২. উদ্দীপকে 'ক' ও 'খ' দ্বারা দেখানো হয়েছে—
i. সামাজিক আইনের সাথে দলের সম্পর্ক
ii. সামাজিক আইনের সাথে সমাজকর্মের সম্পর্ক
iii. আইন পেশার সাথে সমাজকর্ম পেশার সম্পর্ক
নিচের কোনটি সঠিক?
ⓚ i　ⓚh i ও ii　ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

১৩. সাহায্যার্থীর সমস্যা সম্পর্কে কে বেশি জানেন?
ⓚ সাহায্যার্থী নিজে　ⓚh সমাজকর্মী
ⓖ সাহায্যার্থীর বন্ধু　ⓖh তার মা

১৪. বিদ্যালয় সমাজকর্মের অগ্রদূত কে?
ⓚ ম্যারি রিচমন্ড　ⓚh ফ্রিডল্যান্ডার
ⓖ এল বার্কার　ⓖh জেরি এবং জেরি

উদ্দীপকটি পড়ে ১৫ ও ১৬ নং প্রশ্নের উত্তর দাও:
জনাব মোতালেব কতগুলো নিয়ম কানুন, আচার-অনুষ্ঠান ও বিশ্বাস অনুশীলন করছেন যা তাকে সুন্দর, পবিত্র ও কল্যাণের পথ দেখায়।

১৫. উদ্দীপকে কোন সামাজিক প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে?
ⓚ পরিবার　ⓚh বিবাহ
ⓖ ধর্ম　ⓖh রীতিনীতি

১৬. উদ্দীপকের সামাজিক প্রতিষ্ঠানটির বৈশিষ্ট্য হচ্ছে—
i. ঈশ্বরীয় শক্তিতে বিশ্বাস
ii. বিশ্বাস অনুযায়ী আচার-অনুষ্ঠান
iii. টোটেমিজম-এ বিশ্বাস
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii　ⓚh i ও iii　ⓖ ii ও iii　ⓖh i, ii ও iii

১৭. বেকারত্ব বলতে বোঝায়—
ⓚ কর্ম না থাকা
ⓚh ভালো চাকুরি না পাওয়া
ⓖ কাজের ইচ্ছা না থাকা
ⓖh ইচ্ছা থাকা সত্ত্বেও কাজ না পাওয়া

১৮. হিন্দু বিবাহ রেজিস্ট্রেশন আইন পাস হয় কত সালে?
ⓚ ২০১০　ⓚh ২০১১　ⓖ ২০১২　ⓖh ২০১৩

teachingbd.com

১৯. 'মানুষ ব্যাংকের কাছে আসবে না বরং ব্যাংকই মানুষের কাছে যাবে'-- উক্তিটি কার?
ক অমর্ত্য সেন
খ আবুল মাল আবদুল মোহিত
গ ফজলে হাসান আবেদ
ঘ ড. মুহাম্মদ ইউনূস

২০. মাঠকর্ম কোন ধরনের প্রক্রিয়া?
ক গতিশীল
খ ধীর
গ ধারাবাহিক
ঘ ক্রমবর্ধমান

২১. জাতীয় মানবাধিকার কমিশনের কার্যক্রমে সমাজকর্মীর ভূমিকা—
i. অভিযোগ গ্রহণকারী
ii. মধ্যস্থতাকারী
iii. সুপারিশ প্রণয়নকারী
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২২. ব্র্যাকের মূল্যবোধ হচ্ছে—
i. উদ্ভাবন
ii. অখণ্ডতা
iii. ফলপ্রসূত
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৩. ওয়ার্ল্ড ভিশন প্রথম কত সালে বাংলাদেশে কার্যক্রম শুরু করে?
ক ১৯৬৬
খ ১৯৭২
গ ১৯৭৬
ঘ ১৯৮৮

২৪. মাঠকর্মে বিভাগীয় তত্ত্বাবধায়কের দায়িত্ব পালন করেন কে?
ক বিভাগীয় প্রধান
খ সংশ্লিষ্ট কোর্স শিক্ষক
গ সমন্বয়ক
ঘ অতিথি সমাজকর্মী

২৫.



'?' দ্বারা সামাজিক সমস্যা প্রতিরোধ সম্ভব—
ক পুলিশ
খ গণমাধ্যম
গ প্রযুক্তি
ঘ সচেতনতা

২৬. UNDP-এর পূর্ণরূপ কী?
ক United Nations Development Project
খ United Nations Development Programme
গ United Nations Discussion Project
ঘ United Navigations Development Programme

২৭. প্রবীণ হিতৈষী সংঘের মূল উদ্দেশ্য—
ক প্রবীণদের মানসিক সেবা
খ প্রবীণদের শারীরিক সেবা
গ প্রবীণদের চিকিৎসা সেবা
ঘ প্রবীণদের সার্বিক সেবা

২৮. AIDS প্রতিরোধে সমাজকর্মীর ভূমিকা হচ্ছে—
i. সচেতনতা সৃষ্টিকারী
ii. পরামর্শদাতা
iii. মনো-সামাজিক চিকিৎসক
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

২৯. নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০৩ অনুসারে শিশু কারা?
ক ৭ বছর বয়স পর্যন্ত মানব সন্তান
খ ১৪ বছর বয়স পর্যন্ত মানব সন্তান
গ ১৬ বছর বয়স পর্যন্ত মানব সন্তান
ঘ ১৮ বছর বয়স পর্যন্ত মানব সন্তান

৩০. 'সামাজিক প্রতিষ্ঠান হলো বিভিন্ন সম্পর্কের এক সুসংগঠিত ব্যবস্থা'— সংজ্ঞাটি কার?
ক হর্টন ও হান্ট
খ সামনার ও কোহলার
গ এইচ বার্নস
ঘ ম্যাকাইভার

৩১. মাঠকর্মের প্রধান উদ্দেশ্য—
ক পেশা সম্পর্কে ধারণা লাভ
খ তাত্ত্বিক জ্ঞান ও প্রায়োগিক দক্ষতার সমন্বয়
গ শিক্ষার্থীদের মাঝে পেশাদার সম্পর্ক জাগ্রত করা
ঘ শিক্ষার্থীদেরকে উৎসাহিত করা

৩২. ফিদা সামিন মাঠকর্ম চলাকালীন এক বিশেষ প্রক্রিয়ায় সমস্যাগ্রস্ত ব্যক্তিকে সাহায্য করেন। তার প্রতিষ্ঠান কর্তৃক সমস্যাগ্রস্ত ব্যক্তিকে কোন কোন সেবা প্রদান করা হয় তার তথ্য প্রদান করেন। এভাবে ব্যবস্থাপনার ক্ষেত্রে তিনি সমাজকর্মের জ্ঞান, মূল্যবোধ ও কৌশল প্রয়োগ করেন।
উদ্দীপকে ফিদা সামিন মাঠকর্ম ব্যবস্থাপনার কোন পদ্ধতি প্রয়োগ করেছেন?
ক কেস ম্যানেজমেন্ট
খ গ্রুপ ম্যানেজমেন্ট
গ ব্যক্তি সমাজকর্ম
ঘ দল সমাজকর্ম

৩৩. HIV ভাইরাস ছড়ায়—
i. রক্তের মাধ্যমে
ii. লালার মাধ্যমে
iii. মায়ের দুধের মাধ্যমে
নিচের কোনটি সঠিক?
ক i ও ii
খ i ও iii
গ ii ও iii
ঘ i, ii ও iii

৩৪. চিকিৎসা সমাজকর্ম বিকাশ লাভ করে—
ক আমেরিকায়
খ রাশিয়ায়
গ জার্মানিতে
ঘ ফ্রান্সে

৩৫. কোনটি সামাজিক সমস্যা?
ক দারিদ্র্য
খ খরা
গ বন্যা
ঘ নদীভাঙন

৩৬. রেডক্রস সোসাইটির প্রতিষ্ঠাতা কে?
ক আলফ্রেড মার্শাল
খ মাদার তেরেসা
গ হেনরি ডুনান্ট
ঘ হেনরি জেকর

৩৭. Rapport কী?
ক সাহায্যার্থীর পেশাগত সম্পর্ক
খ অভিযোগ করা
গ সাহায্যার্থীর সঙ্গে সমাজকর্মীর পেশাগত সম্পর্ক
ঘ মাঠকর্মীর অনুশীলন প্রতিবেদন

৩৮. শিল্প সমাজকর্মের মূল বিবেচ্য বিষয় কী?
ক শিল্প দুর্ঘটনা হ্রাস
খ মজুরি বৃদ্ধি
গ বিনিয়োগ বৃদ্ধি
ঘ উৎপাদিত পণ্যের মানোন্নয়ন

৩৯. গ্রুপ ম্যানেজমেন্ট প্রক্রিয়া কোনটি?
ক দল গঠন → দলীয় অনুধ্যান → লক্ষ্য নির্ধারণ → কর্মসূচি প্রণয়ন → মূল্যায়ন
খ মূল্যায়ন → কর্মসূচি প্রণয়ন → লক্ষ্য নির্ধারণ → দলীয় অনুধ্যান → দল গঠন
গ লক্ষ্য নির্ধারণ → কর্মসূচি প্রণয়ন → দল গঠন → দলীয় অনুধ্যান → মূল্যায়ন
ঘ কর্মসূচি প্রণয়ন → মূল্যায়ন → লক্ষ্য নির্ধারণ → দল গঠন → দলীয় অনুধ্যান

৪০. বাংলাদেশে কত সালে কিশোর উন্নয়ন কেন্দ্র প্রতিষ্ঠিত হয়?
ক ১৯৭৭
খ ১৯৭৮
গ ১৯৭৯
ঘ ১৯৮০

উত্তর																																								
	১	খ	২	ঘ	৩	ঘ	৪	ঘ	৫	ক	৬	গ	৭	ঘ	৮	ঘ	৯	ঘ	১০	গ	১১	ঘ	১২	গ	১৩	ক	১৪	ক	১৫	গ	১৬	ক	১৭	ঘ	১৮	গ	১৯	ঘ	২০	গ
	২১	ঘ	২২	খ	২৩	ঘ	২৪	ক	২৫	খ	২৬	খ	২৭	ঘ	২৮	ঘ	২৯	গ	৩০	ক	৩১	খ	৩২	ক	৩৩	ঘ	৩৪	ক	৩৫	ক	৩৬	গ	৩৭	গ	৩৮	ক	৩৯	ক	৪০	খ

http://teachingbd.com